যুগান্তর

তারিখ 22 MAY 2010
পৃষ্ঠা ১৭ কলাম ৪

কুমিল্লা বিশ্ববিদ্যালয়

# সেশন ফি দ্বিগুণ করায় শিক্ষার্থীদের মাঝে ক্ষোভ পুঞ্জীভূত হচ্ছে

কুমিল্লা (উত্তর) প্রতিনিধি

কুমিল্লা বিশ্ববিদ্যালয়ে সেশন ফি দ্বিগুণ করার প্রতিবাদে ফুঁসে উঠেছে বিশ্ববিদ্যালয়টির সহস্রাধিক শিক্ষার্থী। অবিলম্বে সেশন ফির পরিমাণ না কমালে শিক্ষার্থীরা আন্দোলনে যাবে বলে জানিয়েছে। বিশ্ববিদ্যালয় প্রশাসন সূত্রে জানা যায়, বিশ্ববিদ্যালয়ের প্রশাসনের আগের সিদ্ধান্ত অনুযায়ী শিক্ষার্থীরা প্রতি সেশনের ২ সেমিস্টারের ফি বাবদ ৪ হাজার ৫০ টাকা পরিশোধ করত। কিন্তু বর্তমান প্রশাসন তা বাড়িয়ে দ্বিগুণ করেছে। প্রতি সেশনে এখন ৮ হাজার ১০০ টাকা পরিশোধ করতে হবে। ব্যবস্থাপনা, লোকপ্রশাসন ও গণিত বিভাগের সেমিস্টার ফাইনাল পরীক্ষার আগে ১ সেমিস্টার ফি বাবদ ৪ হাজার ৫০ টাকা পরিশোধের জন্য নোটিশ দেয়া হয়েছে। অথচ আগে দুটি সেমিস্টারের জন্য একই টাকা পরিশোধ করত শিক্ষার্থীরা। তারা অবিলম্বে বিশ্ববিদ্যালয় প্রশাসনকে এ সিদ্ধান্ত প্রত্যাহার করে আগের নির্ধারিত ফি বহাল রাখার দাবি জানিয়েছে। নাম প্রকাশে অনিচ্ছুক শিক্ষার্থীরা ক্ষোভের সঙ্গে জানান, এটা কোন বেসরকারি বিশ্ববিদ্যালয় নয় যে প্রশাসনের চাপিয়ে দেয়া কোন সিদ্ধান্ত শিক্ষার্থীরা মেনে নেবে। এ ব্যাপারে শুক্রবার দুপুরে সেলফোনে কুবির ভিসি প্রফেসর ড. আমির হোসেন খান যুগান্তরকে জানান, আগের রেজিস্ট্রারের ভুলের কারণে হয়তো এক সেশনে (২ সেমিস্টার) ৪ হাজার ৫০ টাকা নেয়া হতো, কিন্তু বিধিমোতাবেক এখন আলাদাভাবে প্রতি সেমিস্টারেই ৪ হাজার ৫০ টাকা পরিশোধ করতে হবে।